**উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়**
**ঢাকা বিশ্ববিদ্যালয়**
**বিজ্ঞপ্তি**



প্রতিষ্ঠা : ১৯৫৫

স্মারক নং উবি-০৬/২০০৭/২০২৬-২৫০০৪

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রসঙ্গে।**

**উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত নির্দেশনা ও সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:**

১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা হতে প্রেরিত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা ও **Student ID** উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)** -এ ২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ রবিবার দুপুর ১২:০০ মিনিটে প্রকাশ করা হবে এবং ঐ তালিকা থেকে প্রত্যেক শিক্ষার্থী তার নিজ **Student ID** সংগ্রহ করবে।

২। Student ID দিয়ে লগইন করে **২০/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ রবিবার দুপুর ১২:০০ মিনিট থেকে ২১/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ সোমবার বিকাল ০৫:০০** মিনিটের মধ্যে অনলাইনে ভর্তিফরম পূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।

[**লগইন পদ্ধতি:** উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)**-এর **Admission** মেনু হতে **XI Apply Online** বাটনে ক্লিক করে **Student ID** এর ঘরে শিক্ষার্থীর নিজ **Student ID** এবং **EIIN/College Code** এর ঘরে **1906** বসিয়ে লগইন করতে হবে। অনলাইনে ভর্তি ফরম এর সকল তথ্য পূরণ করে **Submit বাটনে ক্লিক** করে তারপর উপরের মেনু হতে **Payment** বাটনে ক্লিক করে (মোবাইল ব্যাংকিং / ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড / সোনালী ব্যাংক অ্যাকাউন্ট) - এর মাধ্যমে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে।]

* অনলাইনে পূরণকৃত ভর্তিফরম ও পেমেন্ট রশিদের কপি ডাউনলোড করার পর প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। এছাড়াও উদয়নের ওয়েবসাইট **(www.udayan.edu.bd)**-এ সরবরাহকৃত **অভিভাবক তথ্যফরম** এর পিডিএফ কপি প্রিন্ট করে প্রয়োজনীয় তথ্যাবলী স্বহস্তে পূরণ করে পিতা, মাতা ও শিক্ষার্থীর স্বাক্ষর করে সংরক্ষণ করতে হবে।

৩। **পেমেন্টের পরিমাণ:**

(ক) **বাংলা ভার্সন:** ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৭,৫০০ টাকা (সরকার নির্ধারিত), এক মাসের বেতন ২,০০০ টাকা এবং এক মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ৯,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

(খ) **ইংরেজি ভার্সন:** ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৮,৫০০ টাকা (সরকার নির্ধারিত), এক মাসের বেতন ৩,০০০ টাকা এবং এক মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ১১,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

৪। **নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী বিজ্ঞান বিভাগের (বাংলা ও ইংরেজি ভার্সন) প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়া হবে:**

| তারিখ ও বার | সময় | কক্ষ নম্বর |
|---|---|---|
| ২২/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ মঙ্গলবার | সকাল ৯:০০ থেকে দুপুর ১:০০ পর্যন্ত | ১০৮ |

৫। **নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ব্যবসায় শিক্ষা বিভাগের সম্মানিত অভিভাবকসহ শিক্ষার্থীবৃন্দকে প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার পূর্বে এক সভায় অংশগ্রহণ করতে হবে:**

| তারিখ ও বার | অভিভাবক সভার সময় | প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়ার সময় | কক্ষ নম্বর |
|---|---|---|---|
| ২২/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ মঙ্গলবার | সকাল ৮:৩০ থেকে ০৯:৩০ পর্যন্ত | সকাল ১০:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত | ১০৭ |

**প্রয়োজনীয় কাগজপত্র:**

ক) ডাউনলোডকৃত ভর্তি ফরম-এর প্রিন্টকপি - ১টি।
খ) স্বহস্তে পূরণকৃত অভিভাবক তথ্যফরম এর পিডিএফ কপি - ১টি।
গ) অনলাইনে পেমেন্ট প্রদানের প্রিন্টকৃত পেমেন্ট স্লিপ ২ কপি।
ঘ) এসএসসি পরীক্ষার মার্কশিটের অনলাইন কপি - ২টি।
ঙ) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি এবং এর ২টি ফটোকপি বোর্ড/বিদ্যালয় থেকে প্রাপ্তি সাপেক্ষে জমা দিতে হবে।
**(একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীকে তার নিজের ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।)**
চ) এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ২ কপি করে মোট ৪ কপি।
ছ) এসএসসি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি-২ কপি।
জ) শিক্ষার্থীর জন্মসনদের ফটোকপি ২ টি।
ঝ) পিতা-মাতা উভয়ের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি করে মোট ২ কপি।
ঞ) Freedom Fighter, EQ-1, EQ-2 ও SQ কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রত্যয়নপত্রের মূলকপি দেখাতে হবে)।

উপর্যুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় **পেমেন্ট স্লিপের একটি কপিতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ নিশ্চায়নপূর্বক** ড্রেসকোড, বুকলিস্ট ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।

৬। **ভর্তির প্রয়োজনে শিক্ষকদের সাথে যোগাযোগ নম্বর:**

(ক) একাডেমিক প্রয়োজনে: ০১৭১৫-৪৪৪৫৫৪ (বিজ্ঞান বিভাগ), ০১৯১৪-৬৪৪৭৪৪ (ব্যবসায় শিক্ষা বিভাগ)
(খ) টেকনিক্যাল প্রয়োজনে: ০১৭১৫-৩২৭৯২২, ০১৭৫৬-৩৩৬০৯৩

১৫/০৯/২০২৬

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়